সুন্নাত হলো যখন বয়স্ক স্ত্রীরের ওপর কুমারীকে বিবাহ করবে তার নিকট সাত থাকবে তারপর বন্টন করবে। আর যদি বয়স্ক বিবাহ করে তবে তার নিকট তিন দিন থাকবে তারপর বন্টন করবে।

আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু আনহু বলেন, সুন্নাত হলো যখন বয়স্ক স্ত্রীরের ওপর কুমারীকে বিবাহ করবে তার নিকট সাত থাকবে তারপর বন্টন করবে। আর যদি বয়স্ক বিবাহ করে
তবে তার নিকট তিন দিন থাকবে তারপর বন্টন করবে। আবূ কালাবাহ বলেন, আমি যদি চাইতাম তবে বলতাম যে, আনাস রাদিয়াল্লাহু আনহু এটি রাসূল থেকে বর্ণনা করেছেন।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

সুন্নাত হলো যখন কুমারীকে বিবাহিতার ওপর বিবাহ করে তখন তার নিকট সাত দিন রাত যাপন করবে। তাকে সঙ্গ মহব্বত করবে এবং তার ভীতি ও লজ্জা দূর করবে। কারণ, সে নব বিবাহিতা। তারপর তার সব স্ত্রীর মধ্যে সমতা বজায় রাখবে। আর যখন বিবাহিতা নারীকে বিবাহ করে তখন তার নিকট তিনদিন অবস্থান করবে। কারণ, এ নারী এ সবের প্রতি প্রথম নারীর তুলনায় কম মুহতাজ। এ মুল্যবান বিধানটি এ হাদীসটিতে এসেছে মারফূ‘ হিসেবে। কারণ, বর্ণনাকারী যখন সুন্নাহ বলে তখন তারা এ দ্বারা রাসূলের সুনাহই উদ্দেশ্য নেয়। আর মারফূ‘ হওয়া আর হাদীসে মারফূ‘ অর্থ আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে সম্পৃক্ত করা।

http://sunnah.global/hadeeth/bn/show/6145